E-Mail: info@dwijendralalcollege.org Website: www.dlcollege.ac.in

# DWIJENDRALAL COLLEGE

(NAAC ACCREDITED)
AFFILIATED TO UNIVERSITY OF KALYANI
KRISHNAGAR ★ NADIA ★ WEST BENGAL
PIN:741101

*Ref. No.:* *Date:* 28/11/2026

## NOTICE No.: 254

## সপ্তম সেমিস্টারের ভর্তি ফি সংক্রান্ত ভুয়ো বিজ্ঞপ্তি প্রচার সম্পর্কে সতর্কীকরণ

কলেজ কর্তৃপক্ষের নজরে এসেছে যে, 26/11/2026 তারিখে প্রকাশিত কলেজের বিজ্ঞপ্তি নং 243-এর পরিপ্রেক্ষিতে সপ্তম সেমিস্টারের ভর্তি ফি সংক্রান্ত একটি ভুয়ো ও বিভ্রান্তিকর বিজ্ঞপ্তি বিভিন্ন অননুমোদিত মাধ্যমে প্রচারিত হচ্ছে। উক্ত ভুয়ো বিজ্ঞপ্তিতে প্রকৃত বিজ্ঞপ্তিতে উল্লিখিত ভর্তি ফির তুলনায় অধিক পরিমাণ অর্থ ধার্য করা হয়েছে, যা ছাত্রছাত্রী ও তাঁদের অভিভাবকদের মধ্যে অযথা বিভ্রান্তি ও উদ্বেগের সৃষ্টি করতে পারে।

এমতাবস্থায়, সকলের অবগতির জন্য প্রকৃত বিজ্ঞপ্তি অনুযায়ী নির্ধারিত ভর্তি ফির পরিমাণ পুনরায় উল্লেখ করা হলো:

| বিবরণ | প্রকৃত ফি | ভুয়ো বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফি |
|---|---|---|
| ভর্তি ফি (Provisional Admission নেওয়া থাকলে) | ₹1,660/- | ₹3,660/- |
| প্র্যাক্টিকাল ফি-সহ ভর্তি ফি (Provisional Admission নেওয়া থাকলে) | ₹1,740/- | ₹3,740/- |
| যেসব ছাত্রছাত্রী Provisional Admission সম্পন্ন করেনি, তাদের ভর্তি ফি | ₹2,260/- | ₹4,260/- |

সকল ছাত্রছাত্রীকে বিশেষভাবে সতর্ক করা হচ্ছে যে, ভর্তি ও ফি সংক্রান্ত কোনও তথ্যের ক্ষেত্রে সামাজিক মাধ্যম, WhatsApp বা অন্য কোনও অননুমোদিত সূত্রের মাধ্যমে প্রাপ্ত বিজ্ঞপ্তি বা তথ্যের উপর নির্ভর করে কোনও সিদ্ধান্ত গ্রহণ বা অর্থ প্রদান করা থেকে বিরত থাকতে হবে।

সকলকে আরও জানানো যাচ্ছে যে, ভর্তি, ফি এবং কলেজের অন্যান্য শিক্ষাগত বিষয় সংক্রান্ত যাবতীয় তথ্যের জন্য শুধুমাত্র কলেজের ওয়েবসাইটে প্রকাশিত বিজ্ঞপ্তিকেই নির্ভরযোগ্য ও প্রামাণ্য বলে গণ্য করতে হবে। অন্য কোনও সূত্র থেকে প্রাপ্ত বিজ্ঞপ্তির সত্যতা যাচাই না করে তার ভিত্তিতে কোনও পদক্ষেপ গ্রহণ করা উচিত নয়।

কলেজ কর্তৃপক্ষ ছাত্রছাত্রীদের স্বার্থ ও আর্থিক নিরাপত্তার বিষয়ে যথেষ্ট সচেতন ও উদ্বিগ্ন। তাই সকল ছাত্রছাত্রীকে সতর্ক ও সচেতন থাকার, কোনও তথ্য অন্যের কাছে প্রেরণের আগে তার সত্যতা যাচাই করার এবং এই ধরনের ভুয়ো ও বিভ্রান্তিকর বিজ্ঞপ্তির প্রচার রোধে সহযোগিতা করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে। সকলের সহযোগিতা একান্তভাবে কাম্য।

ভর্তি কার্যক্রমের তারিখ ও সময়সূচি সম্পর্কে জানার জন্য 26/11/2026 তারিখে প্রকাশিত কলেজের বিজ্ঞপ্তি নং 243 দ্রষ্টব্য।

28/11/26

Teacher-in-Charge (Interim)
Dwijendralal College
Krishnanagar, Nadia.

Teacher-in-Charge
(Interim)
Dwijendralal College
Krishnagar, Nadia

Scanned with CamScanner